গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ সুপার এর কার্যালয়
ট্যুরিস্ট পুলিশ, বান্দরবান রিজিয়ন।

## অফিস আদেশ

ট্যুরিস্ট পুলিশ বান্দরবান রিজিয়ন এবং বান্দরবান জোনের অন্তর্গত পর্যটন স্পট গুলোতে দেশী/বিদেশী আগত পর্যটকদের সার্বিক নিরাপত্তাসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য আইন ও বিধি মোতাবেক যথাযথভাবে নিম্নরুপভাবে জুলাই/২০২৪খ্রিঃ ডিউটি পালন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

| ক্রঃ নং | গন্তব্যস্থল ও ডিউটির ধরন | ফোর্সের সংখ্যা | তারিখ ও সময় |
|---|---|---|---|
| ০১ | মেঘলা পর্যটন কমপ্লেক্স ও আশপাশ এলাকা | ইনচার্জ-১জন, এএসআই-২জন, নায়েক-১জন, কনস্টেবল-১জন | প্রত্যহ<br>০৮.০০ ঘটিকা হতে ২০.০০ ঘটিকা |
| ০২ | নীলাচল পর্যটন কেন্দ্র ও আশপাশ এলাকা | ইনচার্জ-১জন, এএসআই-২জন, নায়েক-১জন, কনস্টেবল-১জন | প্রত্যহ<br>০৮.০০ ঘটিকা হতে ২০.০০ ঘটিকা |
| ০৩ | প্রান্তিকলেক, শৈলপ্রপাত ও চিম্বুক | ইনচার্জ-১জন, এএসআই-১জন, নায়েক-১জন, কনস্টেবল-১জন | প্রতি সপ্তাহে দুইদিন<br>০৮.০০ ঘটিকা হতে ১২.০০ ঘটিকা এবং ১৫.০০ ঘটিকা হতে ১৮.০০ ঘটিকা |

এছাড়াও বান্দরবান জেলার রুমা থানাধীন নীলগিরি ও চিম্বুক, রোয়াংছড়ি থানাধীন কচ্ছপতলী এবং থানচি থানাধীন তমাতঙ্গী, রেমাক্রি ও ডিমপাহাড় পর্যটন স্পটে প্রতিমাসে দুইবার করে ডিউটি পালন করবেন।

### নির্দেশাবলীঃ

১। কর্তব্যরত পুলিশ সদস্যগণ অত্যন্ত ধৈর্য্য, সহিষ্ণুতা ও সংযমের সাথে অর্পিত দায়িত্ব পালন করবেন। কোন অবস্থাতেই পুলিশ কর্তৃক যাতে কোন অনভিপ্রেত পরিস্থিতির সৃষ্টি না হয় সে ব্যাপারে তীক্ষ্ণ দৃষ্টি রাখবেন।
২। যথাযথ ইউনিফর্ম, নতুন রিফ্লেক্টিভ ভেস্ট, বাইনোকুলার, মাল্টিপারপাস বেল্ট এবং নেক ব্যান্ড হেলারসহ ডিউটিতে সকল অফিসার ও ফোর্স দৃশ্যমান মোতায়েন থাকতে হবে।
৩। ডিউটিতে মোতায়েনের পূর্বে ফোর্সের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে ব্রীফিং প্রদান করা সহ তদারকী অফিসারের অবস্থান নিশ্চিত করতে হবে।
৪। কোন পুলিশ সদস্য কোন উস্কানীমূলক তথ্য অথবা আচরণে ক্ষিপ্ত হয়ে পার্টি ইনচার্জের নির্দেশ ব্যতীত কোন ধরণের পুলিশি এ্যাকশনে যাবেন না।
৫। পর্যটন স্পটের প্রবেশ পথ, সংলগ্ন রায়, সংশ্লিষ্ট গাড়ি পার্কিং এলাকা ও পর্যটন স্থল এর নিরাপত্তায় নিয়োজিত ট্যুরিস্ট পুলিশ সদস্যদের সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। ডিউটিতে মোতায়েনকৃত পুলিশের গাড়ীর প্রতি সর্বোচ্চ সতর্ক থাকতে হবে।
৬। ডিউটিতে নিয়োজিত ট্যুরিস্ট পুলিশ সদস্যগণ পর্যটন স্থল, প্রবেশ পথ, সন্নিহিত রাস্তা এবং পার্কিং এলাকায় সন্দেহভাজন ও সন্ধিগ্ধ ব্যক্তি বা ভিক্ষুক, হকার অথবা যেকোন ধরণের ব্যাগ/বাক্স বহনকারীকে প্রয়োজনীয় নিরাপত্তা বজায় রেখে চ্যালেঞ্জ করবে ও প্রয়োজনে স্থান ত্যাগে বাধ্য করবে। প্রয়োজনে জেলা পুলিশের সহায়তা নিতে হবে।
৭। পানিতে গোসলের সময় পর্যটকদের যাতে কোনরকম হতাহতের ঘটনা না ঘটে সেজন্য সতর্কতা নির্দেশনার জন্য হ্যান্ড মাইক ব্যবহারের ব্যবস্থা রাখতে হবে।
৮। হোটেল-মোটেল ও রিসোর্টগুলিতে সিনিয়র অফিসার সরজমিনে মনিটরিং অব্যাহত রাখবে।
৯। পর্যটক পরিচয়ে পর্যটন এলাকায় মাদকসেবন বা মাদক বেচা-কেনা করতে না পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে।
১০। ডিউটিতে নিয়োজিত অফিসারগণ যেকোন জরুরী আইনানুগ ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট থানার ডিউটিরত অফিসারদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখবেন।

১১। টুরিস্ট স্পট সমূহের প্রবেশ পথ এবং আশপাশ এলাকায় যাতে যানজট সৃষ্টি না হয় এ বিষয়ে প্রয়োজনে স্থানীয় পুলিশের সাহায্য গ্রহণ করতে হবে। তাছাড়া ভিক্ষুক, ক্যামেরাম্যান, ফেরিওয়ালা যাতে পর্যটকদের চলাচলে বিঘ্ন সৃষ্টি করতে না পারে সে ব্যাপারে তৎপর থাকতে হবে।
১২। অন্য কোন সামরিক বেসামরিক কর্মকর্তা/কর্মচারীদের সাথে কোন ধারণের খারাপ এবং অশালিন আচরণ থেকে বিরত থাকতে হবে।
১৩। পর্যটক ও ট্যুর অপারেটরদেরকে তাদের করনীয় ও বর্জনীয় মেনে চলতে সহায়তা করতে হবে।
১৪। বয়জেষ্ঠ্যদের প্রতি শ্রদ্ধাশীল থাকতে হবে।
১৫। সকল অবস্থাতেই নারী ও শিশুদেরকে সাহায্য করা এবং নিরাপত্তার ব্যাপারে বিশেষ নজর রাখতে হবে।
১৬। বখাটে, ইভটিজিং, ছিনতাই, অজ্ঞানপার্টি, মলম পার্টিদের সনাক্ত পূর্বক যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১৭। ট্যুরিস্ট পুলিশের জন্য প্রযোজ্য সাধারণ আচরণ বিধি মেনে চলতে হবে।
১৮। দেশের প্রচলিত আইন এবং সামাজিক, ধর্মীয় ও সাংস্কৃতিক রীতি-নীতি মেনে চলতে হবে।
১৯। পরিবেশ ও প্রতিবেশ বিনষ্ট হয় এমন সকল কাজ থেকে পর্যটক ও অন্যদের বিরত থাকতে সাহায্য করতে হবে।
২০। পর্যটন গন্তব্য পরিচ্ছন্নতা রাখতে সকলকে সম্পৃক্ত করতে সচেষ্ট থাকতে হবে।
২১। সকল পর্যটকের নির্বিঘ্ন, নিরাপদ ও স্মরণীয় ভ্রমণ নিশ্চিত করতে হবে।
২২। পর্যটকদের প্রতি শ্রদ্ধাশীল থাকতে হবে। কোন পর্যটকের গায়ে, কাঁধে বা মাথায় হাত দেয়া যাবে না। পর্যটকদের ছবি তুলতে বা ঠিকানা সংগ্রহ করা থেকে বিরত থাকতে হবে। কোন পর্যটককে বিরক্ত করা কিংবা বিরক্ত হয় এমন কাজ করা যাবে না।
২৩। নিজেদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।
২৪। উত্তম পোষাকে দায়িত্ব পালন করতে হবে। দায়িত্ব পালন শেষে বিস্তারিত বিবরণ সিসিতে এবং জিডিতে উল্লেখ করতে হবে।
২৫। জরুরী অবস্থা মোকাবেলার জন্য ফায়ার সার্ভিস, এ্যাম্বুলেন্স, বিদ্যুৎ বিভাগ, ওয়াসা ইত্যাদি সেবা প্রদানকারী সংস্থার সাথে সমন্বয় করতে হবে।
২৬। বিদেশী এবং ভিআইপি বা গুরুত্বপূর্ণ ব্যক্তিদের ভ্রমণ থাকলে তাদের নিরাপত্তার দিকে বিশেষ নজর রাখতে হবে।

মোঃ আপেল মাহমুদ
পুলিশ সুপার
(পদোন্নতিপ্রাপ্ত অতিরিক্ত ডিআইজি)
ট্যুরিস্ট পুলিশ বান্দরবান রিজিয়ন।

স্মারক নং-৪৪.০১.২৬৬৭.৯৭৬.৫৪.২৪/ তারিখ-৩০/০৬/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হ'লঃ
১। অতিরিক্ত আইজিপি, ট্যুরিস্ট পুলিশ বাংলাদেশ।
২। অতিরিক্ত ডিআইজি, ট্যুরিস্ট পুলিশ, চট্রগ্রাম বিভাগ।
৩। সহকারী পুলিশ সুপার, ট্যুরিস্ট পুলিশ, বান্দরবান রিজিয়ন
৪। ইনচার্জ, ট্যুরিস্ট পুলিশ বান্দরবান জোন, বান্দরবান রিজিয়ন।
৫। অফিস কপি।

মোঃ আপেল মাহমুদ
পুলিশ সুপার
(পদোন্নতিপ্রাপ্ত অতিরিক্ত ডিআইজি)
ট্যুরিস্ট পুলিশ বান্দরবান রিজিয়ন।